জনকণ্ঠ

তারিখ 24 OCT 2002
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# ইবি আইন বিভাগের শিক্ষকের বিরুদ্ধে শিবির নেতার নেতৃত্বে সমাবেশ ॥ হত্যার হুমকি

জনকণ্ঠ রিপোর্ট ॥ নকলের দায়ে অভিযুক্ত ছাত্রশিবিরের নেতা বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহপাঠীদের নিয়ে বঙ্গবন্ধু পরিষদের শিক্ষক জহুরুল ইসলামের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। এ ঘটনার আগে আইন বিভাগের ঐ শিক্ষককে একাধিকবার প্রাণনাশের হুমকি দেয়া হয়। আইন বিভাগের পক্ষ থেকে এ ঘটনার তাৎক্ষণিক প্রতিবাদ জানানো হয়েছে। গত ১০ অক্টোবর আইন বিভাগের ৪র্থ বর্ষের ক্লাস চলাকালে বিভাগীয় শিক্ষক জহুরুল ইসলাম ক্লাস পর্যালোচনার একপর্যায়ে ইসলামে নারীর অবস্থান, ফেমিনিজমের রূপরেখা, মানবাধিকার এবং আইনসংক্রান্ত নিরপেক্ষ আলোচনা করেন, এ বিষয়টি পুঁজি করে ক্লাসের কতিপয় মৌলবাদী ছাত্র তাদের সহপাঠীদের নিয়ে ক্যাম্পাসে উক্ত শিক্ষকের বিরুদ্ধে মিছিল ও সমাবেশ করে। বিভাগ সূত্রে আরও জানা যায়, গত ২৫ জুলাই ৩য় বর্ষের ১৩ নং কোর্সের পরীক্ষা চলাকালীন নকলের দায়ে হাসানুল বান্না চপল ও আবদুল মালেক নামের দু'জন ছাত্রের নকল ধরেন শিক্ষক জহুরুল ইসলাম। পরীক্ষায় শৃঙ্খলা অর্ডিন্যান্সের ৪(সি), ৩(ই) (এইচ) ধারায় ডিসিপ্লিন কমিটির সভায় তাদের দুই বছরের বহিষ্কারাদেশ হতে পারে। এ ঘটনার পর থেকে ঐ দুই ছাত্র জহুরুল ইসলামের বিরুদ্ধে নানা ধরনের অপপ্রচার চালিয়ে যাচ্ছে। আর ক্লাস লেকচারের বিষয়টিকেই তারা অস্ত্র হিসাবে ব্যবহার করছে।